



নির্বাচনে খুনী ও চাঁদাবাজের বিরুদ্ধে নতুন ভোটাররা দাঁড়াবে: গোলাম পরওয়ার



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, আসন্ন নির্বাচনে এক পাশে থাকবে চাঁদাবাজ, খুনী ও মাস্তান, অন্য পাশে নতুন ভোটাররা। খুলনার ডুমুরিয়ায় অনুষ্ঠিত ছাত্র-যুব সমাবেশে তিনি তরুণ ভোটারদের সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান।

শুক্রবার (২৬ সেপ্টেম্বর) সকাল ডুমুরিয়ার স্বাধীনতা চত্বরে ৯৯ ছাত্র-যুব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মিয়া গোলাম পরওয়ার বলেন, “তরুণ প্রজন্মের প্রথম ভোটের শক্তিকে সামনে রেখে নির্বাচন প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ জরুরি।” তিনি আরও বলেন, “কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষার্থীরা এক হাতে সার্টিফিকেট নিয়ে বের হবে, আর অন্য হাতে চাকরির সুযোগ পাবে; যদি তা সম্ভব না হয়, তবে বেকার ভাতা দেওয়া হবে।”

উপজেলা আমীর মাওলানা মুখতার হুসাইনের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি ছিলেন দলের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খানসহ অন্যান্য নেতৃত্ববর্গ।

LENS ASIA